

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৫ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২০১-আইন/২০১১/৬১৪-মূসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার অত্র বিভাগের ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে জারিকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭৬-আইন/২০১১/৫৯৯-মূসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(খ) টেবিল-২ এ উল্লিখিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা (Heading No.) এবং উহার বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সেবার কোড এবং কলাম (৩) এ বর্ণিত সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবা ব্যতীত অন্যান্য সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবাসমূহকে-”;

(খ) টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত এন্ট্রি “শিরনামা সংখ্যা ৪৪.১০ হইতে ৪৪.১২”, কলাম (২) এ উল্লিখিত এন্ট্রি “সকল এইচ,এস,কোড (৪৪১১.১২.০০, ৪৪১১.১৩.০০, ৪৪১১.১৪.০০ ব্যতীত)” এবং কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি “সকল প্রকার পার্টিকেল বোর্ড, ওরিয়েন্টেড স্ট্রাভ বোর্ড ও সমজাতীয় বোর্ড, ফাইবার বোর্ড, হার্ডবোর্ড, প্রাই উড, ভিনিয়ার্ড প্যানেলস্ ও সমজাতীয় লেমিনেটেড পণ্য” বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ আব্দুল মান্নান পাটোয়ারী
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।